গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৫.২০-৩৩৩

তারিখঃ ১৩ কার্তিক ১৪২৭ ব. / ২৯ অক্টোবর ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৪০৬৪/২০২০ মামলার গত ১৮/০৮/২০২০ তারিখের প্রদত্ত অর্ন্তবর্তীকালীন আদেশের মেয়াদ থাকাকালীন তথা মামলার বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত রংপুর জেলার গংগাচড়া উপজেলাধীন "বেতগাড়ী একরামিয়া বহুমুখী ফাযিল মাদ্রাসা"-এর শিক্ষক-কর্মচারীদের (এমপিও) বিলে স্বাক্ষরকরণ সংক্রান্ত।

সূত্র: (১) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ র-১১২/২০১৮/৭৭৬৫, তারিখ: ১৫/০২/২০১৯ খ্রি.
(২) অধ্যক্ষ, বেতগাড়ী একরামিয়া বহুমুখী ফাযিল মাদ্রাসা, গংগাচড়া, রংপুর এর স্মারক নং- ১১/২০, তারিখ: ১৪/০৯/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার গংগাচড়া উপজেলাধীন "বেতগাড়ী একরামিয়া বহুমুখী ফাযিল মাদ্রাসা" এর গভর্নিং বডির (সভাপতি হিসেবে জনাব মো: শহিদুল ইসলাম-কে মনোনয়নপূর্বক) অনুমোদন দিয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৫/০২/২০১৯ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকে পত্র জারি করা হয়।

২। উক্ত স্মারকের সিদ্ধান্তের বিরুদ্ধে আলোচ্য প্রতিষ্ঠানের অভিভাবক সদস্য জনাব মোছা: ইসমতয়ারা বেগম কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৪০৬৪/২০২০ মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় সচিব, টিএমইডি, ভিসি, ইসলামিয় আরবি বিশ্ববিদ্যালয় ও ডিজি, ডিএমইসহ মোট ০৯ (নয়) জন-কে রেসপনডেন্ট করা হয়েছে।

৩। রিট পিটিশন নং-৪০৬৪/২০২০ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৮/০৮/২০২০ তারিখে শুনানী অনিষ্পন্ন রেখে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৫/০২/২০১৯ তারিখে জারীকৃত সূত্রোক্ত (১) নং স্মারকের কার্যক্রম ০৬ (ছয়) মাস স্থগিত রাখার জন্য প্রতিপক্ষগণের প্রতি এক অন্তর্বর্তীকালীন আদেশ জারী করা হয়।

৪। পিটিশনার তার আর্জিতে উল্লেখ করেন যে, ০৮ নং রেসপনডেন্ট তথা বর্ণিত প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি হিসেবে মনোনীত জনাব মো: সহিদুল ইসলাম অন্য একটি মাদ্রাসা (লালচাঁদপুর আর.কে.এইচ.বি.এস মাদ্রাসা, গংগাচড়া, রংপুর) এর সহকারী শিক্ষক এবং তিনি এমপিওভুক্ত এবং ইনডেক্স নং-৩৮২৪৯৯।

৫। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর প্রবিধানমালা-২০০৯ এর (৪)(২) বিধান (**"কোন শিক্ষক কিংবা শিক্ষক শ্রেণীর সদস্য গভর্নিং বডির সভাপতি পদে মনোনীত হইবেন না"**) মতে একজন শিক্ষক বা শিক্ষক শ্রেণীর সদস্য গভর্নিং বডির সভাপতি পদে মনোনীত হতে পারবেন না।

৬। রিট পিটিশন নং-৪০৬৪/২০২০ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৮/০৮/২০২০ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশে বর্ণিত প্রতিষ্ঠানের গভর্নিং বডি মনোনয়নের নিমিত্ত ইআবি কর্তৃক ১৫/০২/২০১৯ তারিখে জারীকৃত সূত্রোক্ত (১) নং পত্রের কার্যক্রম স্থগিত করায় শিক্ষক-কর্মচারীদের মাসিক এমপিও বিলে প্রতিস্বাক্ষরের ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক সচিব, টিএমইডি বরাবর সূত্রোক্ত (২) নং আবেদন দাখিল করা হয়েছে।

৭। উল্লেখ্য- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিও বিলে স্বাক্ষরের বিষয়ে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮" এর ১৭.৪ এ স্পষ্ট বিধান রয়েছে। উক্ত বিধানটি নিম্নরূপ-

**"ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান বেতন-ভাতা বিলে যৌথভাবে স্বাক্ষর করবেন। নিয়মিত কমিটি/এডহক কমিটির অবর্তমানে জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরের মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির স্থলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন"।**

৮। যেহেতু মহামান্য আদালত কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের গভর্নিং বডির কার্যক্রম ০৬ (ছয়) মাস স্থগিত করা হয়েছে এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৫/০২/২০১৯ তারিখে জারীকৃত সূত্রোক্ত (১) নং স্মারকের পত্রটিও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর প্রবিধানমালা-২০০৯ এর (৪)(২) বিধানমতে যথাযথ হয়নি মর্মে প্রতীয়মান সেহেতু রিট পিটিশন নং-৪০৬৪/২০২০ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৮/০৮/২০২০ তারিখে প্রদত্ত অন্তর্বর্তীকালীন আদেশের মেয়াদ থাকাকালীন তথা মামলার বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিও বিলে স্বাক্ষরের ক্ষেত্রে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮" এর ১৭.৪ অনুচ্ছেদ এর বিধানমতে ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

৯। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪০৬৪/২০২০ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৮/০৮/২০২০ তারিখে প্রদত্ত অন্তর্বর্তীকালীন আদেশের মেয়াদ থাকাকালীন তথা মামলার বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত (অর্থাৎ কমিটির কার্যক্রম শুরু না হওয়া পর্যন্ত) রংপুর জেলার গংগাচড়া উপজেলাধীন "বেতগাড়ী একরামিয়া বহুমুখী ফাযিল মাদ্রাসা"-এর শিক্ষক-কর্মচারীদের এমপিও বিলে স্বাক্ষরের ক্ষেত্রে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮" এর ১৭.৪ অনুচ্ছেদ এর বিধানমতে ব্যবস্থা গ্রহণক্রমে আগামি ০৮/১১/২০ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর সংশ্লিষ্ট অংশের কপি-০২ ফর্দ।

২৯.১০.২০
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন-৪১০৫০১৫৭।

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা- গংগাচড়া, জেলা-রংপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। ভিসি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ১২৪/১২, ব্লক-এ, রোড নং-০৩ , পশ্চিম ধানমন্ডি মেইন রোড, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।
৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বেতগাড়ী একরামিয়া বহুমুখী ফাযিল মাদ্রাসা , ডাকঘর-বেতগাড়ী, উপজেলা- গংগাচড়া, জেলা- রংপুর।
৮। অফিস কপি/মাস্টার কপি।